

**উচ্চ মাধ্যমিক ব্যবসা
ব্যবস্থাপনা ইন্সটিটিউট
হবে ১শ'টি**

(নিজস্ব বাতা পরিবেশক)

বগুড়া, ৮ই এপ্রিল।- সরকার আগামী '৯৬ সালের জুলাই মাসের মধ্যে বিশেষ শিক্ষার জন্য দেশে আরো একশ'টি ইন্টার-মেডিয়েট কলেজ প্রতিষ্ঠান সিদ্ধান্ত নিয়েছে। এই শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিচিত হবে 'উচ্চ মাধ্যমিক ব্যবসা ব্যবস্থাপনা ইন্সটিটিউট' নামে, যার প্রশাসনিক ও তদারকির ইন্সটিটিউট : পৃঃ ১০ কঃ ৩

ইন্সটিটিউট : ১শ'টি

(১ম পৃষ্ঠার পর)

দিকটি দেখবে বগুড়ায় অবস্থিত জাতীয় বহুভাষী স্টাটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নটামস)। এই শিক্ষা প্রতিষ্ঠান-গুলোতে কারিগরি ও আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষা ব্যবস্থা থাকবে এবং প্রাধান্য দেয়া হবে কম্পিউটার, বহুভাষী স্টাটলিপি, ব্যাংকিং, উদ্যোক্তা উন্নয়ন ও হিসাবরক্ষণ সম্পর্কিত শিক্ষাকে। এই শিক্ষাক্রম নিয়ন্ত্রণ করবে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আর আর্থিক সহযোগিতা প্রদান করবে বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়।

এই প্রকল্পের অধীনে প্রতিবছর ব্যয় হবে আনুমানিক ৮ কোটি টাকা। প্রতিবছর ঐ একশ' শিক্ষা প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ১০ হাজার ছাত্রছাত্রী শিক্ষার সুযোগ পাবে এবং সরাসরি কর্মসংস্থানের ব্যবস্থা হবে ৩ হাজার লোকের।